

আন্তর্জাতিক

চীনের [জুতার রাজধানী] জিনজিয়াংয়ে কারখানায় ভয়াবহ অগ্নিকাণ্ডে, নিহত ২৮



প্রতিবেদক: ঢাকা প্রোব আন্তর্জাতিক ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ছবি সংগৃহীত

চীনের দক্ষিণ-পূর্বাঞ্চলীয় শহর জিনজিয়াংয়ের একটি জুতার কারখানায় ভয়াবহ অগ্নিকাণ্ডে কমপক্ষে ২৮ জন নিহত হয়েছেন। বৃহস্পতিবার দেশটির রাষ্ট্রীয় বার্তা সংস্থার সিনহুয়ার বরাত দিয়ে বিবিসির এক প্রতিবেদনে এই তথ্য জানানো হয়েছে।

সিনহুয়ার প্রকাশিত এক নাটকীয় ভিডিওতে দেখা গেছে, জিনজিয়াংয়ের একটি ভবন থেকে কালো ধোঁয়ার বিশাল কুণ্ডলী আকাশে উড়ছে এবং কিছু মানুষ ভবনের ছাদে আটকা পড়েছেন।

দেশটির প্রেসিডেন্ট শি জিনপিং বলেছেন, এই অগ্নিকাণ্ডে [ব্যাপক হতাহতের] ঘটনা ঘটেছে। এই ঘটনার জন্য দায়ীদের অবশ্যই [কঠোর জবাবদিহির] আওতায় আনা হবে বলে ঘোষণা দিয়েছেন তিনি।

ফুজিয়ান প্রদেশের জিনজিয়াং শহরকে প্রায়ই চীনের [জুতার রাজধানী] হিসেবে অভিহিত করা হয়। বিশ্বের মোট স্পোর্টস জুতার (কেডস কিংবা স্নিকার্স) ২০ শতাংশই এই শহরে তৈরি হয়।

বৃহস্পতিবার স্থানীয় সময় দুপুর ১২টার দিকে [হুইতেং ফুটওয়্যার] কারখানায় এই অগ্নিকাণ্ডের সূত্রপাত হয়।

রাষ্ট্রীয় সম্প্রচারমাধ্যম সিসিটিভি বলেছে, খবর পেয়ে শত শত উদ্ধারকর্মী দ্রুত ঘটনাস্থলে ছুটে যান এবং সেখান থেকে দুই শতাধিক মানুষকে নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া হয়। তবে এই ঘটনায় ঠিক কতজন আহত হয়েছেন, তা এখনও স্পষ্ট নয়।

প্রাথমিকভাবে কারখানার নিচতলা থেকে আগুনের সূত্রপাত হতে পারে বলে ধারণা করা হচ্ছে; যেখানে দাহ্য পদার্থ মজুত করে রাখা হয়েছিল।

সিনহুয়ার প্রতিবেদনে বলা হয়েছে, স্থানীয় কর্তৃপক্ষ ইতোমধ্যে কারখানার মালিকপক্ষের হয়ে কাজ করা কয়েকজন কর্মচারীকে আটক করেছে এবং ওই প্রতিষ্ঠানের ব্যাংক অ্যাকাউন্ট জব্দ করা হয়েছে।

গত নভেম্বরে হংকংয়ের কয়েকটি বহুতল আবাসিক ভবনে লাগা আগুনে ১৬৮ জনের মৃত্যুর পর চীনজুড়ে বহুতল ভবনগুলোতে অগ্নিকাণ্ড প্রতিরোধে বিশেষ অভিযান শুরু করেছে দেশটির কর্তৃপক্ষ।

এ বিভাগের আরও খবর



কুম্ভ সাগরে তেলবাহী জাহাজে হামলা, ২৩ ভারতীয় নাবিক উদ্ধার
কুম্ভ সাগরে তেলবাহী একটি বাণিজ্যিক জাহাজে দ্রোণ হামলা হয়েছে। হামলার পর জাহাজটিতে আগুন ধরে যায়। সেখান থেকে ২৩ ভারতীয় নাবিককে অক্ষত অবস্থায় উল...



আরও তীব্র হচ্ছে ফ্রান্সে শিক্ষার্থীদের বিক্ষোভ, চাপে সরকার
ফ্রান্সে শিক্ষার্থীদের বিক্ষোভ তীব্র আকার ধারণ করেছে। আজ মঙ্গলবার দেশটির বিভিন্ন শহরে বিক্ষোভ মিছিল করেছেন শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকেরা।...



পদার্থে নোবেল পেলেন ফ্রান্সিস হেলজেন
চলতি বছর পদার্থবিজ্ঞানে নোবেল পুরস্কার পেয়েছেন বেগজিয়ামের পদার্থবিজ্ঞানী ফ্রান্সিস হেলজেন। সুইডেনের স্টকহোমে রয়্যাল সুইডিশ একাডেমি অব সায়েন্সে...



কসো নদীতে নৌকা ডুবে ২২ জনের মৃত্যু
গণতান্ত্রিক প্রজাতন্ত্র কসোর কসো নদীতে দুটি নৌকার সংঘর্ষের পর একটি যাত্রীবাহী নৌকা ডুবে অন্তত ২২ জনের মৃত্যু হয়েছে। এ ঘটনায় আরও বহু যাত্রী...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/chiner-jutar-rajdhani-jinjiyangye-karkhanay-bhyabh-ognikande-niht-28>